Department of Consumer Affairs

# পরিদর্শনের যাচাইতালিকা:
# সুগন্ধযুক্ত তামাক

আপনার ব্যবসা প্রতিষ্ঠান কি সুগন্ধযুক্ত তামাকজাত দ্রব্য বিক্রি করে?

**আমাদের পরিদর্শক অর্থাৎ ইন্সপেক্টররা কি সন্ধান করেন তা জানার জন্য এই যাচাইতালিকা ব্যবহার করুন এবং নিয়মভঙ্গ এড়িয়ে যাওয়ায় সাহায্য করুন। সব ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে জেনারেল রিটেল ইন্সপেকশন অর্থাত্ সাধারণ খুচরা বিক্রিয় প্রতিষ্ঠান পরিদর্শনের যাচাইতালিকাও অনুসরণ করতে হবে, যা সহজে বোঝার জন্য সবশেষে দেওয়া হয়েছে।**

| প্রয়োজনীয় শর্ত | | আপনি কি এই শর্ত পূরণ করছেন? |
|---|---|---|
| ১ | সিগারেট ছাড়া যেসব তামাকজাত দ্রব্যে নিম্নোক্ত যে কোনটি থাকে বা তার স্বাদ বা গন্ধ উৎপন্ন করে থাকে তাহলে তা বিক্রি করা বেআইনি:<br>• ফল (উদাহরণস্বরূপ: স্ট্রবেরি, কমলা, আপেল ও অন্য কোন)<br>• চকলেট<br>• মধু<br>• ভ্যানিলা<br>• ক্যান্ডি<br>• কোকো<br>• ডেজার্ট<br>• অ্যালকহলজাতীয় পানীয়<br>• ভেষজ<br>• মশলা<br>**সংক্ষিপ্ত পরামর্শ:** যেসব দ্রব্যে এইগুলি থাকে বা এইগুলির স্বাদ বা গন্ধ উৎপন্ন করে থাকে তেমন জিনিস বিক্রি করা বেআইনি না:<br>• মেন্থল<br>• মিন্ট<br>• উইন্টারগ্রীন<br>• তামাক<br>**সংক্ষিপ্ত পরামর্শ:** যেসব তামাকজাত দ্রব্যে চকলেট, মিন্টের মত আইনী ও বেআইনী স্বাদগন্ধের মিশ্রণ থাকে সেইসব দ্রব্য বিক্রি করা বেআইনী। | ☐ হ্যাঁ |
| ২ | যদি কোন পণ্য আসল প্যাকেট ছাড়া বিক্রি করা হয়, তাতে ধোঁয়া শ্বাসে নিয়ে সেবন করার মত তামাক-ছাড়া অন্যান্য পণ্যও অন্তর্ভুক্ত, তাহলে তার আসল লেবেল ও প্যাকেজ ঐ প্রতিষ্ঠানে রাখতে হবে এবং প্রয়োজনে পরিদর্শনের সময় দেখাতে হবে। | ☐ হ্যাঁ |

Department of Consumer Affairs

Bill de Blasio
Mayor

Julie Menin
Commissioner

42 Broadway
New York, NY
10004

**Visit nyc.gov**
দেখুন এবং "বিজনেস টূলবক্স" সন্ধান করুন

যোগাযোগ করুন **311**
(212) NEW-YORK
(NYC-র বাইরে)

নিউ ইয়র্ক সিটির ব্যবসা প্রতিষ্ঠানগুলির সব প্রাসঙ্গিক ফেডেরাল, রাজ্য এবং শহরের আইন ও নিয়ম মান্য করতে হবে, এইগুলি ডিসিএ-র বিজনেস টুলবক্সে পাওয়া যাবে। ব্যবসা প্রতিষ্ঠানগুলির দায়িত্ব হল বর্তমান এমন সব বিধিনিয়ম সম্বন্ধে ওয়াকিবহাল থাকা ও সেসব অনুসরণ করা যা তাদের ব্যবসায় প্রভাব ফেলছে।

Department of Consumer Affairs

# পরিদর্শনের যাচাইতালিকা:
# সাধারণ রিটেল অর্থাৎ খুচরা বিক্রয়

**আপনার ব্যবসা প্রতিষ্ঠান কি পণ্য বিক্রি করে নাকি পরিষেবা প্রদান করে?**

**আমাদের পরিদর্শক অর্থাৎ ইন্সপেক্টররা কি সন্ধান করেন তা জানার জন্য এই যাচাইতালিকা ব্যবহার করুন এবং নিয়মভঙ্গ এড়িয়ে যাওয়ায় সাহায্য করুন:**

| প্রয়োজনীয় শর্ত | | আপনি কি এই শর্ত পূরণ করছেন? |
|---|---|---|
| **পরিষেবাসমূহের দামের তালিকা** | | |
| ১ | পরিষেবার প্রকার এবং ঐসব পরিষেবার দামসহ একটি দামের তালিকা অবশ্যই টাঙ্গিয়ে রাখতে হবে। | ☐ হ্যাঁ |
| ২ | ক্যাশ রেজিস্টারের কাছে ও/বা যেখানে অর্ডার দেওয়া হয় সেখানে স্পষ্টভাবে দামের তালিকা টাঙ্গিয়ে রাখতে বা প্রদর্শন করতে হবে। | ☐ হ্যাঁ |
| ৩ | যদি দামের তালিকায় ন্যূনতম দর (যেমন "$ থেকে") লেখা থাকে বা দামে "ও তার উপরে" লেখা থাকে তাহলে অবশ্যই দামে প্রভেদের কারণ জানাতে হবে ও দামের সীমা জানাতে হবে। | ☐ হ্যাঁ |
| ৪ | সেল বা পণ্য প্রচার চলাকালীন, তুলনা করার জন্য অবশ্যই সেলের আগেকার দামও টাঙ্গিয়ে রাখতে হবে। | ☐ হ্যাঁ |
| ৫ | লিঙ্গ অনুযায়ী পরিষেবার দাম স্থির করা যাবে না।<br>**সংক্ষিপ্ত পরামর্শ:** দামের বর্ণনা দিতে "পুরুষদের" "মহিলাদের," ও "ভদ্রমহিলাদের'" জাতীয় শব্দপ্রয়োগ করা যাবে না, লিঙ্গ নিরপেক্ষভাবে এই প্রভেদ জানাতে হবে। (উদাহরণঃ কাঁধের উপরে চুল = $১৫; কাঁধের নিচে চুল = $৩০)<br>**সংক্ষিপ্ত পরামর্শ:** শার্ট ও ব্লাউজের দামের তালিকা জানানোর বদলে শার্টগুলির বর্ণনায় প্রভেদ অনুসারে দাম জানাতে হবে। (উদাহরণ: চুমকি, কুঁচি, শৌখিন বোতাম) | ☐ হ্যাঁ |
| **পণ্যসামগ্রীর দাম জানান** | | |
| ৬ | সেলে যেসব জিনিস রাখা হবে সেসবে স্পষ্টভাবে দাম লিখে রাখতে হবে। | ☐ হ্যাঁ |
| ৭ | বেশীর ভাগ জিনিসে, দামগুলি জিনিসের সঙ্গে এঁটে দিতে হবে বা যেখানে জিনিস রাখা হয়েছে সেখানে একটি সঙ্কেতচিহ্ন দিয়ে দাম টাঙিয়ে দিতে হবে। | ☐ হ্যাঁ |
| ৮ | যদি আপনার দোকানের বার্ষিক আয় $২ মিলিয়নের বেশী হয় বা আপনি ধারাবাহিক অর্থাৎ চেন স্টোরের অংশ হন তাহলে আপনার অধিকাংশ খাদ্যদ্রব্য, এবং কাগজের জিনিস, ডিটার্জেন্ট, সাবান, প্রেসক্রিপশনবিহীন ওষুধ এবং স্বাস্থ্য ও রূপচর্চার প্রতিটি পণ্যের দাম লিখে রাখতে হবে। | ☐ হ্যাঁ |
| ৯ | ৫ আউন্সের কম দুধ, ডিম, তাজা খাবার, স্ন্যাক্স; হিমায়িত অর্থাৎ ফ্রোজেন খাদ্যদ্রব্য, বেবি ফুডের বোতল এবং যেসব জিনিস ৩ কিউবিক ইঞ্চির চেয়ে ছোট, ৩ আউন্সের কম ও $১এর কম সেগুলিতে আলাদাভাবে দ্রব্যমূল্যের উলেখ করতে হবে না তবে শেল্ফে দাম লিখে রাখতে হবে। | ☐ হ্যাঁ |
| **সঙ্কেতচিহ্ন** | | |
| ১০ | যে সেলস সঙ্কেতচিহ্নে ডিসকাউন্ট অর্থাৎ ছাড়ের শতাংশ ঘোষণা করা হয় উদাহরণ: ২০-৫০% ছাড় এ ন্যূনতম শতাংশ ডিসকাউন্ট জানাতে হবে।<br>**সংক্ষিপ্ত পরামর্শ:** ন্যূনতম ও সর্বাধিক সংখ্যা দুইই সমান সাইজের হওয়া উচিত।<br>  | ☐ হ্যাঁ |

Department of Consumer Affairs

# পরিদর্শনের যাচাইতালিকা:
# সাধারণ রিটেল অর্থাৎ খুচরা বিক্রয়

| প্রয়োজনীয় শর্ত | | আপনি কি এই শর্ত পূরণ করছেন? |
|---|---|---|
| ১১ | সেলের সঙ্কেতচিহ্নে নিম্নোক্ত কোন বাক্যাংশ ব্যবহার করা যাবে না:<br>• "আমাদের মূল্যের তালিকা"<br>• "উৎপাদকের পাইকারী দরের" চেয়ে কম<br>• "উৎপাদকের দাম" | ☐ হ্যাঁ |
| ১২ | যেসব ব্যবসা প্রতিষ্ঠান পণ্য ও পরিষেবা বিক্রি করে তাদের অবশ্যই রিফান্ড অর্থাৎ ফেরতের নিয়ম টাঙিয়ে দিতে হবে।<br>**সংক্ষিপ্ত পরামর্শ:** প্রতিটি রেজিস্টারে, বিক্রি জায়গায় বা প্রতিটি প্রবেশদ্বারে রিফান্ড পলিশি টাঙ্গিয়ে রাখতে হবে।<br>**সংক্ষিপ্ত পরামর্শ:** যদি রিফান্ড না দেওয়ার পলিশি বা পন্থা অনুসরণ করা হয় তাহলেও "রিফান্ড হবে না" সঙ্কেত টাঙ্গিয়ে রাখতে হবে। | ☐ হ্যাঁ |
| ১৩ | রিফান্ড পলিশিতে রিফান্ড পাওয়ার যে কোন ও সব শর্ত বা বাধানিষেধের উলেখ করতে হবে। উদাহরণস্বরূপ:<br>• রিফান্ড বাবদ কোনরকম ফী দিতে হলে যেমন "পুনরায় স্টকে রাখার ফী", ব্যবসা প্রতিষ্ঠানকে সেই ফীর উলেখ করতে হবে।<br>• যদি কোন ব্যবসা প্রতিষ্ঠান "যেমনকার তেমন" জিনিসে রিফান্ড না করে তাহলে স্পষ্টভাবে তা জানিয়ে দিতে হবে।<br>• রিফান্ডে নগদ, ক্রেডিট বা শুধুই স্টোর ক্রেডিট, কোনটি দেওয়া হবে তা ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে জানিয়ে দিতে হবে।<br>• যদি রিফান্ডের জন্য কেনার প্রমাণ পেশ করতে হয় তাহলে সঙ্কেতচিহ্ন দিয়ে সে কথা জানিয়ে দিতে হবে।<br>• যে ব্যবসা প্রতিষ্ঠান রিফান্ড না করার নিয়ম অনুসরণ করবে তাদের "রিফান্ড হবে না," সঙ্কেত বা অনুরূপ সঙ্কেত দিয়ে বুঝিয়ে দিতে হবে।<br>• এই সঙ্কেতচিহ্নে লিখে দিতে হবে যে অনুরোধ করা হলে স্টোরের রিফান্ড পলিশির একটি লিখিত কপি পাওয়া যায়। | ☐ হ্যাঁ |
| ১৪ | যদি ক্রেডিট কার্ড ব্যবহারে কোন বাধানিষেধ থাকে, যেমন ন্যূনতম কেনার পরিমাণ, তাহলে রেজিস্টারের কাছে ও প্রবেশদ্বারে সেই পলিশি স্পষ্টভাবে টাঙ্গিয়ে রাখতে হবে। | ☐ হ্যাঁ |
| রসিদ | | |
| ১৫ | $২০ এর বেশী দামের পণ্যের জন্য এবং অনুরোধ করা হলে<br>$৫ থেকে $২০ দামে কেনা পণ্যের জন্য গ্রাহককে রসিদ দিতে হবে।<br>**সংক্ষিপ্ত পরামর্শ:** যেসব খাদ্য এবং পানীয় প্রতিষ্ঠানে খাওয়ার জন্য রাখা হবে সেইগুলির ক্ষেত্রে এটা প্রযোজ্য না। | ☐ হ্যাঁ |
| ১৬ | রসিদে অবশ্যই এর প্রত্যেকটি থাকা প্রয়োজন:<br>• কেনার তারিখ<br>• প্রতিটি জিনিসের জন্য যা দাম দেওয়া হয়েছে<br>• মোট যত দাম দেওয়া হয়েছে<br>• করের পৃথক বিবৃতি<br>• দোকানের নাম এবং ঠিকানা | ☐ হ্যাঁ |
| ১৭ | যেসব ইলেক্ট্রনিক্সের দাম $১০০ এর বেশি তার রসিদে জিনিসটির মডেল নম্বর ও প্রস্তুতকারকের নাম উলেখও করতে হবে। | ☐ হ্যাঁ |
| দামের সঠিকতা | | |
| ১৮ | জিনিসগুলি স্ক্যান করা হলে তার দাম জিনিসের নূন্যতম দাম, শেল্ফে দাম, বিক্রির দাম বা বিজ্ঞাপনের দামের সঙ্গে মানানসই হওয়া উচিত। | ☐ হ্যাঁ |

Department of Consumer Affairs

# পরিদর্শনের যাচাইতালিকা:
# সাধারণ রিটেল অর্থাৎ খুচরা বিক্রয়

| প্রয়োজনীয় শর্ত | | আপনি কি এই শর্ত পূরণ করছেন? |
|---|---|---|
| **লেঅওয়ে প্লান অর্থাৎ পরে কেনার জন্য অগ্রীম অর্থ জমা করার পরিকল্পনা** | | |
| ১৯ | যদি স্ক্যানার ব্যবহার না করা হয় তাহলেও চেক আউটের সময় দাম জিনিসের নূন্যতম দাম, শেল্ফে দাম, বিক্রির দাম বা বিজ্ঞাপনের দামের সঙ্গে মানানসই হওয়া উচিত। | ☐ হ্যাঁ |
| ২০ | যেসব জিনিস করযোগ্য না তাতে কর দাবি করা যাবে না।<br>**সংক্ষিপ্ত পরামর্শ:** কোন বিষয়গুলিতে অব্যাহতি পাওয়া যায় তার সম্পূর্ণ তালিকার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স দেখে নিন। | ☐ হ্যাঁ |
| ২১ | যদি লেঅওয়ে সুবিধা দেওয়া হয় তাহলে, ৪ টি বা তার বেশী কিস্তিতে $৫০ এর বেশী দাম নেওয়ার আগে, গ্রাহককে নিম্নোক্ত প্রতিটি তথ্য লিখিতভাবে জানিয়ে দিতে হবে:<br>• জিনিসটির বর্ণনা, তাতে নাম, ব্র্যান্ড, রং ও মডেল নম্বর থাকবে<br>• কর সমেত জিনিসটির মোট দাম<br>• লেঅওয়ে ব্যবহার করা ও কোনরকম বাতিল করার ফী বাবদ দাম<br>• লেঅওয়ে প্লানের মেয়াদ<br>• কিস্তি প্রদান করার সময়তালিকা ও কিস্তি বাদ পড়লে তার পরিণাম<br>• ফেরত দেওয়ার পলিসি<br>• নির্দিষ্ট কয়েকবার কিস্তি না দেওয়া পর্যন্ত ঐ জিনিসটা পণ্যসম্ভার থেকে সরিয়ে দেওয়া হবে কিনা সে বিষয়ে বিজ্ঞপ্তি<br>**উদাহরণ ১:** বিজ্ঞপ্তি: যতক্ষণ না কেনা দামের ঢ% দেওয়া হবে ততক্ষণ পণ্যসম্ভার থেকে কোন পণ্য সরানো হবে না।<br>**উদাহরণ ২:** দৃষ্টি আকর্ষণ: যতক্ষণ না আপনি আপনার সর্বশেষ কিস্তির আগের কিস্তি দিচ্ছেন ততক্ষণ আপনার বেছে নেওয়া পণ্যের অর্ডার করা হবে না। | ☐ হ্যাঁ |
| **যেসব প্রেসক্রিপশন-ছাড়া ওষুধের মেয়াদ ফুরিয়ে গিয়েছে** | | |
| ২২ | লেবেলে দেওয়া মেয়াদের তারিখের পরে প্রেসক্রিপশন-ছাড়া ওষুধ বিক্রি করা বেআইনি। | ☐ হ্যাঁ |

Department of Consumer Affairs

Bill de Blasio
Mayor

Julie Menin
Commissioner

42 Broadway
New York, NY
10004

**Visit nyc.gov**
দেখুন এবং "বিজনেস টুলবক্স" সন্ধান করুন

যোগাযোগ করুন **311**
(212) NEW-YORK
(NYC-র বাইরে)

নিউ ইয়র্ক সিটির ব্যবসা প্রতিষ্ঠানগুলির সব প্রাসঙ্গিক ফেডেরাল, রাজ্য এবং শহরের আইন ও নিয়ম মান্য করতে হবে, এইগুলি ডিসিএ-র বিজনেস টুলবক্সে পাওয়া যাবে। ব্যবসা প্রতিষ্ঠানগুলির দায়িত্ব হল বর্তমান এমন সব বিধিনিয়ম সম্বন্ধে ওয়াকিবহাল থাকা ও সেসব অনুসরণ করা যা তাদের ব্যবসায় প্রভাব ফেলছে।